**সাসটেইনেবল ফাইন্যান্স ডিপার্টমেন্ট**
**বাংলাদেশ ব্যাংক**
**প্রধান কার্যালয়**
**ঢাকা**

এসএফডি সার্কুলার নং: ০১/২০১৯

তারিখ: এপ্রিল ০৪, ২০১৯ / চৈত্র ২১, ১৪২৫

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান

প্রিয় মহোদয়,

**Impact Fund এ তফসিলি ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানগুলোর বিনিয়োগকে পরিবেশবান্ধব অর্থায়ন হিসেবে স্বীকৃতি প্রসঙ্গে**

Bangladesh Securities and Exchange Commission (BSEC) কর্তৃক নিবন্ধিত বিশেষ উদ্দেশ্যে গঠিত এবং পুঁজিবাজারে তালিকাভুক্ত নয় এরূপ কোন তহবিল বা তহবিলসমূহে (Special Purpose Vehicle, Alternative Investment Fund বা সমজাতীয় কোন তহবিল) তফসিলি ব্যাংকগুলোর বিনিয়োগের জন্য ২০১৫ সালে (সূত্রঃ ডিওএস সার্কুলার নং-০২ তারিখঃ ২৪ নভেম্বর, ২০১৫) এবং আর্থিক প্রতিষ্ঠানগুলোর বিনিয়োগের জন্য ২০১৬ সালে (সূত্রঃ ডিএফআইএম সার্কুলার নং-০৪ তারিখঃ ৩০ মার্চ, ২০১৬) বাংলাদেশ ব্যাংক হতে নীতিমালা জারি করা হয় ।

২। BSEC (Alternative Investment) Rules, 2015 এর আওতায় নিবন্ধিত ও নিম্নোক্ত খাত/উদ্দেশ্যগুলোর জন্য গঠিত যেকোন Impact Fund এ উক্ত নীতিমালার আলোকে তফসিলি ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানগুলোর বিনিয়োগ পরিবেশবান্ধব অর্থায়ন (Green Finance) হিসেবে বিবেচিত হবেঃ

| | |
|---|---|
| 1. Resource Efficiency | 2. Air emission and quality efficiency |
| 3. Resource Recycling | 4. Waste (liquid and solid) Management |
| 5. Renewable Energy | 6. Land Contamination Prevention/Mitigation |
| 7. Energy Efficiency | 8. Land Acquisition and Resettlement Management |
| 9. Water Management and Conservation | 10. Labor and Working Condition Management |
| 11. Water Use Efficiency | 12. Community Health and Safety Management |
| 13. Waste Water and Effluent Treatment Management | 14. Indigenous People and Cultural Heritage |
| 15. Heat and temperature management | 16. Women and Child Right Protection |
| 17. Air ventilation and circulation efficiency | 18. Environment/climate friendly Industry/ Building/Brick Kiln |
| 19. Environment/climate friendly transportation/ vehicle | 20. Nature conservation |
| 21. Environment-friendly Agriculture | 22. Any others deemed eligible by BB |

এ ধরনের তহবিলে বিনিয়োগের Commitment প্রদানের পূর্বে তফসিলি ব্যাংকগুলো ডিওএস সার্কুলার নং-০২/২০১৫ মোতাবেক বাংলাদেশ ব্যাংকের ডিপার্টমেন্ট অব অফসাইট সুপারভিশনের নিকট এবং আর্থিক প্রতিষ্ঠানগুলো ডিএফআইএম সার্কুলার নং-০৪/২০১৬ মোতাবেক বাংলাদেশ ব্যাংকের আর্থিক প্রতিষ্ঠান ও বাজার বিভাগের নিকট আবেদন করবে। ডিপার্টমেন্ট অব অফসাইট সুপারভিশন এবং আর্থিক প্রতিষ্ঠান ও বাজার বিভাগ স্ব স্ব ক্ষেত্রে অনুমোদন প্রদানের পূর্বে উক্ত আবেদনের পরিবেশগত ও সামাজিক প্রভাব যাচাইয়ের জন্য সাসটেইনেবল ফাইন্যান্স বিভাগের অনাপত্তি (NOC) গ্রহণ করবে।

৩। ব্যাংক কোম্পানি আইন, ১৯৯১ (২০১৩ সালে সংশোধিত) এর ৪৫ ধারা ও আর্থিক প্রতিষ্ঠান আইন, ১৯৯৩ (২০০৩ সালে সংশোধিত) এর ১৮(ছ) ধারায় প্রদত্ত ক্ষমতাবলে এ সার্কুলার জারি করা হলো যা অবিলম্বে কার্যকর হবে।

আপনাদের বিশ্বস্ত,



(খন্দকার মোরশেদ মিল্লাত)
মহাব্যবস্থাপক
ফোন নং: ৯৫৩০৩২০
ফ্যাক্স নং: ৯৫৩০৩২৭
Email: morshed.millat@bb.org.bd
gm.gbcsrd@bb.org.bd